

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) শিক্ষার্থীদের অংশগ্রহণে আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা: ২০২৪-২৫ এর ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (০৮ জানুয়ারি ২০২৫) বিকাল ৩টায় নোবিপ্রবি কেন্দ্রীয় খেলার মাঠে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। শরীরচর্চা শিক্ষা বিভাগের আয়োজনে এতে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে নোবিপ্রবি উপাচার্য বলেন, আজকের এই ফুটবল প্রতিযোগিতার চ্যাম্পিয়ন দলকে অভিনন্দন। পাশাপাশি রানার্স আপ দলকেও অভিনন্দন এমন একটি চ্যালেঞ্জিং খেলা উপহার দেওয়ার জন্য। ক্রিকেটসহ এরকম অন্যান্য যে খেলা আছে সেগুলো আয়োজনের মাধ্যমে আমরা আমাদের ছাত্রছাত্রীদের এক্সট্রা ক্যারিকুলার এন্টিভিটিজ আরো বাড়াতে চাই। তারা যেন পড়াশোনায় মনোযোগী হওয়ার পাশাপাশি শারীরিক ও মানসিক বিকাশ ঘটাতে পারে তার জন্য সর্বাত্মক চেষ্টা করবো।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন শরীরচর্চা শিক্ষা বিভাগের পরিচালক (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মোহাম্মদ আমজাদ হোসেন। শরীরচর্চা শিক্ষা বিভাগের উপ-পরিচালক জনাব সঞ্জীব কুমার দে এবং জনাব মাহমুদুর রহমানের সঞ্চালনায় আমন্ত্রিত অতিথি হিসেবে ছিলেন ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগের পরিচালক মোহাম্মদ নিজাম উদ্দিন। এছাড়াও অনুষ্ঠানে নোবিপ্রবির বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, গত ১৪ নভেম্বর ২০২৪ তারিখ হতে ০৮ জানুয়ারি ২০২৫ তারিখ প্রায় ১ মাস ২০ দিন ধরে এ প্রতিযোগিতাটি চলে। এতে নোবিপ্রবির ৩৩টি বিভাগ অংশ নেয়। প্রতিযোগিতাটি নক আউট পদ্ধতিতে অনুষ্ঠিত হয়। ফাইনাল খেলায় সমাজবিজ্ঞান বিভাগ ও এপ্রায়েড ম্যাথমেটিক্স বিভাগ অংশগ্রহণ করে। এতে ৯০ মিনিটের খেলায় উভয় দল ১-১ গোলে ড্র করে এবং পরে ট্রাইব্রেকারে ৪-২ গোলে এপ্রায়েড ম্যাথমেটিক্স বিভাগ জয়লাভ করে। খেলা শেষে উভয় দলের খেলোয়াড়দের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা ০১৭৩৩৯৯৮৮৯৪